

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭৮/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২৭ ডিসেম্বর, বুধবার ২০২৩, ১২ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ঘোষণা, স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়
- ০২। ময়মনসিংহের ৪২ জন সেরা করদাতাকে সম্মাননা প্রদান
- ০৩। ২১০ কোটি টাকার সার ও ৬৬১ কোটি ৭৩ লাখ টাকার তেল, ডাল, গম কিনছে সরকার
- ০৪। নৌকার চাপে স্বতন্ত্র, স্বতন্ত্রের চাপে নৌকা

০১। আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ঘোষণা, স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়

স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করে, আইনের শাসন, মানবাধিকার ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত, বাজারমূল্য ও আয়ের মধ্যে সঙ্গতি প্রতিষ্ঠা এবং তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টিসহ বিভিন্ন বিষয়ে অগ্রাধিকার দিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহার ঘোষণা করেছে আওয়ামী লীগ। বুধবার (২৭ ডিসেম্বর) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা এই ইশতেহার ঘোষণা করেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য আমরা প্রত্যয় নিয়েছি। সেজন্য স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সমাজ ব্যবস্থা, স্মার্ট সরকার ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রত্যয় নিয়েছি। উল্লেখ্য, 'স্মার্ট বাংলাদেশ: উন্নয়ন দৃশ্যমান, বাড়বে এবার কর্মসংস্থান' শ্লোগানে ইশতেহার ঘোষণা করে দলটি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০২। ময়মনসিংহের ৪২ জন সেরা করদাতাকে সম্মাননা প্রদান

বুধবার (২৭ ডিসেম্বর) সকালে ময়মনসিংহের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে কর কমিশনার কার্যালয়ের আয়োজনে কর অঞ্চল ময়মনসিংহের সেরা ৪২ জন করদাতাকে সম্মাননা ট্যাঙ্ককার্ড, সনদপত্র প্রদান করা হয়েছে। কর অঞ্চল ময়মনসিংহের অধিক্ষেত্রাধীন পাঁচটি জেলা- ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর ও কিশোরগঞ্জ জেলা হতে দীর্ঘ সময় কর প্রদানকারী ক্যাটাগরিতে ১২ জন, সর্বোচ্চ কর প্রদানকারী ক্যাটাগরিতে ১৮ জন, সর্বোচ্চ কর প্রদানকারী মহিলা ক্যাটাগরিতে ৬ জন এবং সর্বোচ্চ কর প্রদানকারী তরুণ করদাতা (৪০ বছরের নিচে) ক্যাটাগরিতে ০৬ জন করদাতাকে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিভাগীয় কমিশনার উম্মে সালাম তানজিয়া। সেরা ও সর্বোচ্চ করদাতা হয়েছেন মেসার্স এম এস এন্টারপ্রাইজের মালিক খন্দকার মাহবুব আলম। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। ২১০ কোটি টাকার সার ও ৬৬১ কোটি ৭৩ লাখ টাকার তেল, ডাল, গম কিনছে সরকার

প্রায় ২১০ কোটি টাকার ৬০ হাজার টন ইউরিয়া সার কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। অপরদিকে স্থানীয় ও আন্তর্জাতিক বাজার থেকে ৬৬১ কোটি ৭৩ লাখ ৫০ হাজার ৫ শত টাকার তেল, ডাল ও গম কিনছে সরকার। এর মধ্যে ৩৪৮ কোটি ৪৬ লাখ ৪৪ হাজার ৫ শত টাকা দিয়ে গম কেনা হচ্ছে। আর ১৪০ কোটি ১৬ লাখ ৬ হাজার টাকার মসুর ডাল এবং ১৭৩ কোটি ১১ লাখ টাকার ভোজ্যতেল কেনা হচ্ছে। বুধবার (২৭ ডিসেম্বর) অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৪৩তম সভায় এ প্রস্তাবের অনুমোদন দেয়া হয়েছে। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

০৪। নৌকার চাপে স্বতন্ত্র, স্বতন্ত্রের চাপে নৌকা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে ময়মনসিংহ বিভাগের বিভিন্ন এলাকায় নৌকা প্রতীকের প্রার্থীরা যেমন স্বতন্ত্র প্রতীকের প্রার্থীদের চাপে রয়েছে, তেমনি অনেক এলাকায় স্বতন্ত্র প্রতীকের প্রার্থীরা নৌকা প্রতীকের প্রার্থীদের চাপে রয়েছে। সার্বিকভাবে, প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনী আমেজ বিরাজ করছে। বিভিন্ন এলাকার প্রার্থীরা এলাকার জনসাধারণের সাথে জনসংযোগ করছেন, লিফলেট বিতরণ করছেন, মাইকিং-এর মাধ্যমে প্রচারণা চালাচ্ছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** সড়ক বা রেল কোন যাত্রায়ই মানুষের জীবন এখন আর নিরাপদ নয়। যে করে হোক এ পরিস্থিতির অবসান ঘটাতে হবে। নিরীহ মানুষ যেন সহিংসতা ও নাশকতার শিকার না হন- আইনশৃঙ্খলা বাহিনীকে এটা নিশ্চিত করতে হবে।
- (খ) **দৈনিক সবুজ:** দেশের অধিকাংশ রেল ক্রসিং অরক্ষিত থাকার কারণে দুর্ঘটনায় হতাহতের ঘটনা ঘটছে। ঘনঘন দুর্ঘটনা ঘটতে থাকলে রেলের প্রতি মানুষের আস্থা নষ্ট হবে। তাই এদিকে সংশ্লিষ্টদের দৃষ্টি দিতে হবে।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দ্বাদশ সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীর সমর্থকদের আচরণবিধি লঙ্ঘনের হিড়িক পড়েছে। নির্বাচনী বিধিনিষেধ মানানোর জন্য বিষয়টির লাগাম এখনই টানা প্রয়োজন।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। প্লাস্টিক দূষণ: নিরাপদ বসুধা-দিলরুবা আহমেদ। সূত্র: দৈনিক স্বজন।
- ০২। পলিনেট হাউস কৃষিতে সম্ভাবনাময় প্রযুক্তি-প্রকাশ ঘোষ বিধান। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ।
- ০৩। গণতন্ত্রের আশা-ভরসা ও আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীরা-সুরেশ কুমার দাশ। সূত্র :আজকের বাংলাদেশ।

#